



## ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর হালনাগাদ বিবরণী।

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সংগ্রহের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের Financial Inclusion বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছে। উক্ত সার্কুলারের প্রেক্ষিতে ব্যাংকসমূহ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করেছে এবং স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য ব্যাংকসমূহ ইতোমধ্যে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফা সহ বিভিন্ন ক্ষীম চালু করেছে। নিম্নে ছকের মাধ্যমে ডিসেম্বর ৩১, ২০১১ ভিত্তিক এবং জুন ৩০, ২০১২ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্যাদি বিস্তারিত ভাবে উল্লেখ করা হলোঃ

ব্যাংক	ডিসেম্বর ৩১, ২০১১ ভিত্তিক হিসাব সংখ্যা	জুন ৩০, ২০১২ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হাস/বৃদ্ধি	ডিসেম্বর ৩১, ২০১১ ভিত্তি (কোটি টাকায়)	জুন ৩০, ২০১২ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	স্থিতি (কোটি টাকায়) হাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক(০৮টি)	৩৫৪	২১৫	(১৩৯)	১.১৬	০.০৮	(১.০৮)
বিশেষায়িত ব্যাংক (০৮টি)	৬৩৭	১,২৫৩	৬১৬	০.১৭	০.২২	০.০৫
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক (৩০টি)	২৭,৮৩০	৬৫,৪২৮	৩৭,৫৯৮	২৯.০৮	৫২.৩৭	২৩.৩৩
বিদেশী ব্যাংক(০৯টি)	২৫৯	৩২৪	৬৫	০.৮২	০.৫১	০.০৯
মোট (৪৭টি ব্যাংক)	২৯,০৮০	৬৭,২২০	৩৮,১৪০	৩০.৭৯	৫৩.১৮	২২.৩৯

উল্লেখ্য, স্কুল ব্যাংকিং এর আওতায় ডিসেম্বর ৩১, ২০১১ তারিখে ৩৬টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা ছিল ২৯,০৮০টি এবং হিসাবের বিপরীতে মোট স্থিতি ছিল টাকা ৩০.৭৯/- কোটি (ত্রিশ কোটি উনআশি লক্ষ টাকা)। অন্যদিকে, জুন ৩০, ২০১২ তারিখে ৪৫টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬৭,২২০টি এবং হিসাবের বিপরীতে মোট স্থিতি ২২.৩৯ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ৫৩.১৮ কোটি (তিপ্পান্ন কোটি আঠারো লক্ষ) টাকায় দাঁড়িয়েছে। এছাড়া, জুন ৩০, ২০১২ অনুযায়ী ব্যাংকসমূহে প্রণীত বিভিন্ন ক্ষীমের আওতায় প্রতি হিসাবের বিপরীতে গড় স্থিতি প্রায় টাকা ৭,৯১১/-।

-----